# সংবাদ গতিধারা

## ঢাকা, বৃহস্পতিবার ২৪ ডিসেম্বর ২০১৫, ১০ পৌষ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অনেক সূচকে ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

২। বেতন স্কেলে আর পরিবর্তনের সুযোগ নেই : অর্থমন্ত্রী

৩। সাম্প্রতিক হত্যাকান্ড বিদেশি পরামর্শে কন্ট্রাক্ট কিলিং : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ১৫ ক্রয় প্রস্তাব অনুমোদন

৫। আচরণ বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে সরাসরি আইনি ব্যবস্থা : নির্বাচন কমিশন

৬। মন্দা কাটাতে তহবিল চাইলেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী

শেরেবাংলানগরে ৫ দিনের আবাসন মেলা শুরু

৭। শিক্ষক নিয়োগে নতুন নীতিমালা শিগগিরই কার্যকর: শিক্ষামন্ত্রী

৮। ২০১৬ সালকে ডিএসসিসির পরিচ্ছন্ন বর্ষ ঘোষণা করেছে

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন

৯। ভোটের দিন নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি

১০। জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগে কূটনীতিককে ফেরত নিল পাকিস্তান

১১। চিনি আমদানিতে ১৫% ভ্যাট আরোপ

১২। হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ২০ কেজি সোনাসহ আটক ৬

১৩। রাজধানীর হাতিরঝিলে চালু হলো চক্রাকার বাস সার্ভিস

চলমান পাতা/২

**১।	অনেক সূচকে ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ : প্রধানমন্ত্রী**

বিগত চার দশকে সব সূচকে পাকিস্তানকে পিছনে ফেলে বাংলাদেশ অনেক এগিয়ে গেছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোনো কোনো ক্ষেত্রে আমরা ভারতকেও ছাড়িয়ে গেছি। তিনি বলেন, দেশ আজ প্রতিটি সেক্টরে এগিয়ে যাচ্ছে। দক্ষিণ এশিয়ার একটি উন্নত দেশ হিসেবে বাংলাদেশ প্রতিষ্ঠা পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার চট্টগ্রাম নেভাল একাডেমিতে 'শীতকালীন প্রেসিডেন্ট কুচকাওয়াজে' দেওয়া প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (শেষপৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।**

**২।	বেতন স্কেলে আর পরিবর্তনের সুযোগ নেই : অর্থমন্ত্রী**

সরকারি চাকরিজীবীদের জন্য ঘোষিত বেতন স্কেলে আর কোন পরিবর্তনের সুযোগ নেই বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার সচিবালয়ে অনলাইনে নিজের আয়কর রিটার্ন দাখিল শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ**(পৃ.১,ক.৩), **ফিনানসিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)

**৩।	সাম্প্রতিক হত্যাকান্ড বিদেশি পরামর্শে কন্ট্রাক্ট কিলিং : স্বরাষ্ট্রমন্ত্রী**

বিদেশি নাগরিকসহ সম্প্রতি যেসব হত্যাকান্ড ঘটেছে সেগুলোকে বিদেশি পরামর্শে কন্ট্রাক্ট কিলিং হিসেবে অভিহিত করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, এসব হত্যাকান্ড ঘটিয়ে আইএসের নাম দেওয়া হচ্ছে। বাংলাদেশে আইএস বলে কিছু নেই। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউটে সন্ত্রাস, জঙ্গিবাদ, ধর্মীয় উগ্রবাদ ও ইসলামের অপব্যাখ্যার বিরুদ্ধে আলেম-ওলামা, ইমাম ও খতিবদের সঙ্গে মতবিনিময় সভায় স্বরাষ্ট্রমন্ত্রী এসব মন্তব্য করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষপৃ.,ক.৬)

**৪।	সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ১৫ ক্রয় প্রস্তাব অনুমোদন**

এগার লাখ ৬ হাজার টন জ্বালানি তেল আমদানির প্রস্তাবসহ মোট ১৫টি ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ২৩ ডিসেম্বর সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এ অনুমোদন দেয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষপৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষপৃ.,ক.৭),

৫।	**আচরণ বিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে সরাসরি আইনি ব্যবস্থা : নির্বাচন কমিশন**

পৌরসভা নির্বাচনে আচরণবিধি লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন নির্বাচন কমিশনার মো.শাহনেওয়াজ। তিনি বলেছেন, এখন আর সতর্ক করে চিঠি দেওয়া হবেনা, কেউ আচরণবিধি লঙ্ঘন করলে তার বিরুদ্ধে সরাসরি ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার নির্বাচন কমিশন সচিবালয়ে নিজ কার্যালয়ে সাংবাদিকদের কাছে তিনি একথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **সংবাদ** ( পৃ.১,ক.২), **নিউএজ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে

৬।	**মন্দা কাটাতে তহবিল চাইলেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী**

**শেরেবাংলানগরে ৫ দিনের আবাসন মেলা শুরু**

রাজধানী শেরেবাংলা নগরে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী আবাসন মেলা রিহ্যাব ফেয়ার-২০১৫। মেলা চলবে আগামী ২৭ ডিসেম্বর পর্যন্ত। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মেলার উদ্বোধন করেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে আবাসন খাতের মন্দা কাটাতে ২০ থেকে ৫০ হাজার কোটি টাকার একটি তহবিল গঠন করে তা থেকে নিম্নবিত্ত ও মধ্যবিত্তদের 'এক অঙ্কের' সুদে গৃহঋণ দেওয়ার প্রস্তাব করেছেন গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী মোশাররফ হোসেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষপৃ.,ক.২), **জনকণ্ঠ** (শেষপৃ.,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬),

চলমান পাতা-৩



৭।	**শিক্ষক নিয়োগে নতুন নীতিমালা শিগগিরই কার্যকরঃ শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে খুব শিগগিরই নতুন পদ্ধতিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা-২০১৬'র সংশোধনের পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম বিষয়ে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)

৮।	**২০১৬ সালকে ডিএসসিসির পরিচ্ছন্ন বর্ষ ঘোষণা করেছে**

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন**

২০১৬ সালকে 'পরিচ্ছন্ন বছর' ঘোষণা করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। ঢাকা শহরকে বৃহত্তর

পরিসরে পরিচ্ছন্ন ও রঙিন নগরী হিসেবে গড়ে তুলতে ডিএসসিসির এই বিশেষ উদ্যোগ। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে বিদ্যামান সমস্যার সমাধান করতে চায় তারা। সেই লক্ষ্যে নগরবাসীর সামনে বিস্তারিত পরিকল্পনাও তুলে ধরা হয়েছে। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার রাজধানীর হোটেল সোনারগাঁয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'ঢাকা ক্লিন : টুয়েন্টিসিক্সটিন' শীর্ষক অনুষ্ঠানে পরিকল্পনা তুলে ধরেন ডিএসসিসির মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৭), **যায়াযায়দিন** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২),

## ৯। ভোটের দিন নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি

পৌরসভা নির্বাচনের দিন নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করেছে সরকার। আগামী ৩০ ডিসেম্বর দেশের দুই শতাধিক পৌরসভার মেয়র, কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলর পদে ভোট অনুষ্ঠিত হবে। এদিন নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করে গতকাল ২৩ ডিসেম্বর বুধবার আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)

## ১০। জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগে কূটনীতিককে ফেরত নিল পাকিস্তান

জঙ্গি যোগসাজশের অভিযোগ ওঠার পর ঢাকায় পাকিস্তান হাইকমিশনের কূটনীতিক ফারিনা আরশাদকে তার দেশে ফেরত পাঠানো হয়েছে। শাহজালাল বিমানবন্দরের ইমিগ্রেশন পুলিশের ওসি জানান, গতকাল ২৩ ডিসেম্বর বুধবার পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ফারিনা ঢাকা ত্যাগ করেন। সূত্র- **সংবাদ** ( পৃ.১,ক.৭)

## ১১। চিনি আমদানিতে ১৫% ভ্যাট আরোপ

পরিশোধিত ও অপরিশোধিত চিনি আমদানিতে ১৫% ভ্যাট আরোপ করেছে জাতীয় রাজস্ব বোর্ড। একই সঙ্গে টনপ্রতি চিনি আমদানি ঘোষিত মূল্যও বৃদ্ধি করা হয়েছে। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার এ বিষয়ে আলাদা দুটি প্রজ্ঞাপন জারি করে জাতীয় রাজস্ব বোর্ড সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **নিউএজ** (পৃ.১,ক.৭),

## ১২। হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ২০ কেজি সোনাসহ আটক ৬

হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গতকাল ২৩ ডিসেম্বর বুধবার দুই দফায় ২০ কেজি স্বর্ণ জব্দ করা হয়েছে। আটক করা হয়েছে দুই চীনা নাগরিকসহ ছয়জনকে। উদ্ধার হওয়া স্বর্ণের আনুমানিক মূল্য ১০ কোটি টাকা। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ১৩। রাজধানীর হাতিরঝিলে চালু হলো চক্রাকার বাস সার্ভিস

রাজধানীর হাতিরঝিলে চালু হলো চক্রাকার বাস সার্ভিস। প্রতিদিন সকাল ৭টা থেকে রাত ১১টা পর্যন্ত বাস

সার্ভিস চালু থাকবে। গতকাল ২৩ ডিসেম্বর বুধবার হাতিরঝিলে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩) সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫) **নিউনেশন** ( পৃ.১,ক.৮)

চলমান পাতা-৪



**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, ডেইলি স্টার, নিউএজ :** সম্প্রতি অর্থনীতিবিদ আবুল বারকাতের নেতৃত্বে ভূমিবিষয়ক এক গবেষণার পর ভূমি সংক্রান্ত ১৪৬টি আইন বিশ্লেষণ করে এসব আইন পাল্টানোর জন্য যে সুপারিশ করেছেন তা অবিলম্বে বিবেচনা করে আইনের প্রয়োজনীয় সংস্কার করে আপডেট করার আহ্বান।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশের মানুষের গড় আয়ুর উৎসাহব্যঞ্জক বৃদ্ধি ছাড়াও সার্বিকভাবে সামাজিক দশ খাতে বাংলাদেশের অর্জন ধরে রাখতে পরিকল্পনামাফিক আরও অগ্রগতি সাধনের প্রচেষ্টা চালানোর ওপর গুরুত্বারোপ ।

গ. **সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ডেইল সান, ইন্ডিপেনডেন্ট :** পৌরসভা নির্বাচন নিয়ে পরিস্থিতি আরো সহিংস হওয়ার আগেই নির্বাচন কমিশনকে শক্ত হাতে সবকিছু নিয়ন্ত্রণ করে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** পুনরায় ওমরাহ ভিসা প্রদানের সিদ্ধান্তটির প্রেক্ষিতে প্রতারক ও ভুয়া এজেন্সিগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়ে ওমরাহ ভিসার ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ঙ. **সমকাল :** বাংলাদেশ-ভারত সীমান্তে বাংলাদেশি নাগরিক হত্যা বন্ধে দেওয়া ভারতের প্রতিশ্রুতি যথাযথভাবে বাস্তবায়নের সুপারিশ।

চ. **যুগান্তর :** নতুন পে-স্কেল নিয়ে সৃষ্ট সব ধরনের জটিলতা ও হতাশা অবিলম্বে নিষ্পত্তি হওয়া প্রয়োজন বলে অভিমত ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রতি বছর বারবার রোড ডিভাইডার, ফুটপাত, রোড মার্কারস ইত্যাদি কাজে প্রতিনিয়ত বিপুল সরকারি অর্থের অপচয়ের চিত্র তুলে ধরে এ ধরনের অপ্রয়োজনীয় অপচয় বন্ধের সুপারিশ।

জ. ডেইলি সান : দেশে ধূমপানে স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ায় তামাক চাষের ওপর ও তামাকজাত দ্রব্য আমদানির

ওপর বর্ধিত হারে কর আরোপ করার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** দেশের প্রবৃদ্ধির হার বাড়াতে বঙ্গোপসাগরে গ্যাস ও তেলের সন্ধান ও আহরণে সিসমিক সার্ভে আরও চালানোর ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউনেশন :** বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বরাদ্দ দেওয়া শিল্প ঋণের অধিকাংশ মন্দ লোনে পরিণত হওয়ার আশঙ্কা প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথমআলো** পত্রিকায় প্রকাশিত কলামে প্রবৃদ্ধির বর্তমান ক্রমবর্ধমান জোয়ার অব্যাহত রাখতে রাজনৈতিক দুর্নীতি ও আমলাতান্ত্রিক দুর্নীতি উভয়ের বিরুদ্ধে সরকারকে কঠোর অবস্থান নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'মুক্তিযুদ্ধের চেতনাবিহীন উন্নয়ন টেকসই হবে না'** শিরোনামের নিবন্ধে ড.মীজানুর রহমান দেশের অর্থনৈতিক উন্নয়ন যেমন দ্রুত এগিয়ে যাচ্ছে, তেমনি রাজনৈতিক, সামাজিক-সাংস্কৃতিক ক্ষেত্রে খুব চিন্তা করে কাজ করতে হবে, যাতে উভয়ের মধ্যে একটি সামঞ্জস্য থাকে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/রশীদ২০১৫/৯.০০ ঘণ্টা